



বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭

www.sparrso.gov.bd



১৯ আশ্বিন, ১৪২৮

তারিখ :-----

০৪ অক্টোবর, ২০২১

নম্বর : ২৩.০৪.০০০০.০০৮.১১.০০৪.২১.২৬৫৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশের যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫ টাকা ৫০০০০-৭১২০০ (৪র্থ গ্রেড)	৫ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মহাকাশ বিজ্ঞান বা রিমোট সেন্সিং বা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থায় প্রথম শ্রেণীর চাকুরীতে ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা।

নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদনপত্র জমাদান এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাৱশ্যকীয়ভাবে অনুসরণীয়:

১। (ক) প্রার্থীকে নির্ধারিত ফরমে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বহস্তে স্বাক্ষর করে চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদন করতে হবে।

(খ) ফরমটি স্পারসোর ওয়েবসাইট www.sparrso.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

২। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি মাপের খাম ১০ টাকা মূল্যের ডাক টিকিট সংযুক্ত করে দাখিল করতে হবে।

৩। আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদান শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময়:

(ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/১০/২০২১ খ্রি: তারিখ সকাল ০৯:০০ টা।

(খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/১১/২০২১ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টা। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(গ) আবেদনপত্র চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ -এই ঠিকানায় প্রেরণ করতে হবে।

(ঘ) পরীক্ষার ফি বাবদ চেয়ারম্যান, স্পারসো-র অনুকূলে ৫০০ (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পেমেন্ট অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৪। বয়সসীমা: ১৫/১০/২০২১ খ্রি: তারিখে সর্বোচ্চ বয়স ৪৩ বছর; তবে অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৫০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। জাতীয়তা :

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

D: Advertisement 2020

টেলিফোন: +৮৮-০২-৪৮১১৮৫৮১, ফ্যাক্স: +৮৮-০২-৪৮১১১১৬৯, ই-মেইল: admin@sparrso.gov.bd

৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি দাখিল করতে হবে :

(ক) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

(খ) শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(গ) গবেষণাপত্রের বিস্তারিত তালিকা।

(ঘ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত রঞ্জন ছবি।

৮। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বর্তমান ঠিকানায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী স্পারসোর ওয়েবসাইটে (www.sparrso.gov.bd) প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি দাখিল করতে হবে।

(খ) শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদ পত্র মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১০। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর ২ (দুই) বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১। আবেদনপত্রে নাম ও জন্ম তারিখে ত্রুটি থাকলে, প্রার্থীর স্বাক্ষর না থাকলে এবং অন্য কোনো রূপ substantive ত্রুটি থাকলে প্রার্থিতা বাতিল হবে।


১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। ডিক্লারেশন:

প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সম্পূর্ণ সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।


(জালাল উদ্দিন আহমেদ)

সচিব, স্পারসো।

ফোনঃ +৮৮-০২-৪৮১১৮৫৮১

ইমেইল: admin@sparrso.gov.bd